

প্রেস বিজ্ঞপ্তি

তারিখঃ ০৫/১০/২০১৬খ্রিঃ

মহামান্য রাষ্ট্রপতির সাথে বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের ট্রাস্টিবৃন্দের সৌজন্যসাক্ষাৎ

০৫ অক্টোবর, ২০১৬খ্রিঃ বুধবার, বিকাল ৩.৩০ ঘটিকায়, বঙ্গভবনে মহামান্য রাষ্ট্রপতির সাথে বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের চেয়ারম্যান ও ধর্মমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান মহোদয়ের নেতৃত্বে বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের সম্মানিত ট্রাস্টিবৃন্দ এক সৌজন্য সাক্ষাৎ করেন।

উক্ত সাক্ষাৎকার অনুষ্ঠানে বৌদ্ধ সম্প্রদায়ের সকল সমস্যা ও ট্রাস্টের ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে দীর্ঘ সময় ধরে মহামান্য রাষ্ট্রপতির সাথে বিস্তারিত আলোচনা করা হয়। এসময় মহামান্য রাষ্ট্রপতির সমীপে বৌদ্ধ সম্প্রদায়ের সমস্যা নিরসন কল্পে একটি আবেদনসহ ট্রাস্টের কার্যক্রমের প্রতিবেদন উপস্থাপন করা হয়। মহামান্য রাষ্ট্রপতি বৌদ্ধ সম্প্রদায়ের সমস্যাগুলো মনযোগ সহকারে শুনেন এবং তিনি ট্রাস্টের মাননীয় চেয়ারম্যান ও ধর্মমন্ত্রী মহোদয়কে সমস্যার গুলোর সম্ভাব্য নিরসনের জন্য অনুরোধ জানান।

তাহাড়া, মহামান্য রাষ্ট্রপতি বিশ্বের বিভিন্ন বৌদ্ধ দেশের সাথে সামাজিক, সাংস্কৃতিক ও অর্থনৈতিক সম্পর্ক উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ সরকার ও বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট এর যৌথ উদ্যোগে একটি আন্তর্জাতিক বৌদ্ধ শান্তি সম্মেলন আয়োজন করার উপর গুরুত্বারোপ করেন। এতে তিনি উপস্থিত থাকার অভিপ্রায় ব্যক্ত করেছেন।

উক্ত সাক্ষাৎকার অনুষ্ঠানে, বৌদ্ধ পারিবারিক আইন প্রনয়ন, প্যাগোডাভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা প্রকল্প কার্যক্রম, বৌদ্ধ কৃষ্টি সভ্যতা সংরক্ষণ, জেলা ভিত্তিক জাতীয় অনুষ্ঠানে বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের ট্রাস্টিবৃন্দের অংশগ্রহণ, বিভিন্ন বৌদ্ধ দেশে সরকারী প্রতিনিধি দলের সাথে ট্রাস্টিদের সংপৃক্ত করা এবং বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের তহবিল বৃদ্ধির বিষয়ে মহামান্য রাষ্ট্রপতি আগ্রহ প্রকাশ করেন।

উক্ত অনুষ্ঠান সঞ্চালন করেন, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের সম্মানিত ভাইস-চেয়ারম্যান মি.সুপ্ত ভূষণ বড়ুয়া। সম্মানিত ট্রাস্টি মি. মং ক্য চিং চৌধুরী (বান্দরবান পার্বত্য জেলা), সম্মানিত ট্রাস্টি মি. দয়াল কুমার বড়ুয়া (চট্টগ্রাম জেলা), সম্মানিত ট্রাস্টি মিসেস বাসন্তী চাকমা (খাগড়াছড়ি পার্বত্য জেলা), সম্মানিত ট্রাস্টি দীপক বিকাশ চাকমা (রাঙ্গামাটি পার্বত্য জেলা), ও সম্মানিত ট্রাস্টি খেমং লা রাখাইন মহোদয় (বরগুনা ও পটুয়াখালী জেলা) এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব মোঃ হাফিজ উদ্দিন ও ট্রাস্ট সচিব মি.জয়দত্ত বড়ুয়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

স্বা

ক্ষরিত/-
(জয়দত্ত বড়ুয়া)
সচিব